

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	৩০ নভেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	ভার্চুয়াল মাধ্যম (Zoom Apps.)
উপস্থিতি	পরিশিষ্ট ক

ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার শুরুতে জনাব মোঃ জিল্লুর রহমান, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকায় মহোয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। প্রধান অতিথির অনুমতিক্রমে সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদ ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনা অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বছরের ৪টি ত্রৈমাসিকে ১টি করে অংশীজনের অংশগ্রহণে সভা করার পরিকল্পনা রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে সেবা সহজীকরণ, জনবান্ধব আচরণ, চাকরি বিধির পূর্ণাঙ্গ অনুসরণের উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়াও, সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইনের বিধি বিধান সম্পর্কে উপস্থিত সদস্যদের অবহিত করা হয়। অতঃপর উপস্থিত সকল অংশীজনকে সুশাসন প্রতিষ্ঠা এবং সহজতর উপায়ে সঠিক সেবা প্রাপ্তিতে করণীয় বিষয়ে মতামত/সুপারিশ অহবান করেন। মৎস্যচাষী/খামারী (২ জন), মৎস্য পোনা/রেণু উৎপাদনকারী (৩ জন), মৎস্যজীবী/আড়ৎদার (১ জন), মৎস্য খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি (৪ জন), মৎস্যখাদ্য উপকরণ আমদানীকারক (১ জন), খাদ্য বিক্রেতা (১ জন) আলোচনায় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন। উপস্থিত অংশীজন সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে সরকারের গ্রহীত এ ধরনের কার্যক্রমকে সাধুবাদ জানান। সভার প্রধান অতিথি (ঢাকা বিভাগীয় উপপরিচালক) মহোদয় নাগরিক সেবা প্রাপ্তিতে সেবা গ্রহীতাগণ যেন সঠিক সময়ে সেবা পান সে বিষয়ে গুরুত্বারোপসহ মাছের ব্রুড প্রাপ্তি এবং মৎস্যখাদ্যমান নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

### সিদ্ধান্ত ১

মৎস্য খাদ্যমান নিশ্চিতকরণে নিয়মিত মনিটরিং করতে হবে এবং খাদ্যমান যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। লাইসেন্সবিহীন মৎস্যখাদ্য উৎপাদন ও বাজারজাত করা হচ্ছে কি না তা যাচাই করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

### সিদ্ধান্ত ২

ব্রুড মাছ সংগ্রহের বিষয়ে হ্যাচারি কর্তৃপক্ষকে সহায়তা করতে হবে। মৎস্য বীজ উৎপাদন খামার, বোর্ডবাজার, টঞ্জীতে চাইনিজ কার্প (সিলভার কার্প, বিগহেড কার্প, গ্রাস কার্প) এর পিউর ব্রুড হতে রেণু উৎপাদনের বিষয়ে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।

### সিদ্ধান্ত ৩

মৎস্য বিষয়ক আইন বাস্তবায়নে বিশেষ করে জাটকা সংরক্ষণ, পিরানহা/অফ্রিকান মাগুর চাষ ও বিক্রয় বন্ধ, মাছে রং/ফরমালিন মিশ্রণ ও চিংড়িতে পুশ-ইন বন্ধে নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। প্রয়োজনে অভিযান/মোবাইল কোর্ট

পরিচালনা করতে হবে।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.৫৭.০০২.২২.৩১৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৯  
০১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৩) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৫) জনাব .....



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা